



ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
DHAKA SOUTH CITY CORPORATION  
নগর ভবন, ঢাকা।

আপনার পরিবেশ সুন্দর ও পরিষ্কার রাখুন  
আপনার শিশুর টিকা দিন  
প্রিয়জনকে বই উপহার দিন

ফোন : ৯৫৫৭১৮০-৮১, ৯৫৫৭১৮৪, ৯৫৫৭১৮৬-৮৯, ৯৫৫৮২৫৫-৫৯, ৯৫৫৮৩৫৭-৬০, www.dsc.gov.bd

স্মারক : ৪৬.২০৭.০০০.২২.০০.২৬০.২০২৬

তারিখ : ২৪/০২/২০২৬

**‘পুনঃদরপত্র নোটিশ’**

বর্জ্য ব্যবস্থাপনা কাজের গতিশীলতা ও মানোন্নয়নের লক্ষ্যে প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা প্রাপ্তির লক্ষ্যে নতুন নিবন্ধন কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর আওতাধীন এলাকায় নিয়োজিত ০৪টি ওয়ার্ডের (ওয়ার্ড নং- ৬৯, ৭০, ৭২ ও ৭৫) প্রাথমিক বর্জ্য সংগ্রহ সেবা গ্রহণের জন্য আত্রহী প্রতিষ্ঠানসমূহকে নিম্নলিখিত শর্ত অনুসরণপূর্বক আবেদনপত্র ক্রয় ও জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক) প্রযোজ্য শর্তাবলী :-

১. আবেদনপত্র ক্রয় ও জমা প্রদান কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নগর ভবন ও আঞ্চলিক কার্যালয় থেকে সরাসরি আবেদনপত্র ক্রয়/বিক্রয় এবং জমা প্রদান করা যাবে না।
২. আবেদনপত্র ক্রয়ের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের চলতি হিসাব নং-২০০০১৭৮৩৯, সোনালী ব্যাংক, নগর ভবন শাখায় ১০,০০০/- (টাকা দশ হাজার মাত্র) টাকা (অফেরতযোগ্য) জমা প্রদান করে ব্যাংক রশিদ সংগ্রহ করতে হবে।
৩. ওয়েবসাইট <https://dsc.gov.bd> হতে নিবন্ধন আবেদনপত্র ও প্রযোজ্য শর্তাবলী/TOR (Terms of Reference) ডাউনলোড পূর্বক উল্লিখিত নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের সাথে চাহিদাকৃত কারিগরি প্রস্তাব ও আর্থিক প্রস্তাবের অনুল্লেখ প্রযোজ্য সকল ডকুমেন্টস দাখিল করতে হবে।
৪. নিবন্ধনের জন্য আর্থিক প্রস্তাবে উদ্ধৃত মূল্যের সমপরিমাণ অর্থ মেয়র/প্রশাসক, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুল্লেখ পে-অর্ডারটি (মূল কপি) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তার দপ্তর, নগর ভবন, চাদসিক বরাবর জমা প্রদান করতে হবে। এক্ষেত্রে পে-অর্ডারটির স্ক্যান কপি অনলাইনে জমা প্রদান করতে হবে।
৫. কারিগরি প্রস্তাব তথা ‘ফরম-ই’ এর সাথে কারিগরি প্রস্তাব মূল্যায়ন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট আকারে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৬. স্বাক্ষরিত আর্থিক প্রস্তাব তথা ‘ফরম-ই’ এর সাথে সংশ্লিষ্ট আকারে আবেদনপত্র ক্রয়ের ব্যাংক রশিদ এবং নিবন্ধন মূল্যের পে-অর্ডার জমা প্রদানের রশিদ জমা প্রদান করতে হবে। অন্যথায় আর্থিক প্রস্তাব গ্রহণযোগ্য হবে না।
৭. কারিগরি প্রস্তাব ও আর্থিক প্রস্তাব পৃথক ভাবে সংযুক্ত করে ই-মেইলসমূহে [cwmo@dsc.gov.bd](mailto:cwmo@dsc.gov.bd), [administrator@dsc.gov.bd](mailto:administrator@dsc.gov.bd), [ceo@dsc.gov.bd](mailto:ceo@dsc.gov.bd) প্রেরণ করতে হবে।
৮. ইতিমধ্যে যে সকল প্রতিষ্ঠান আবেদনপত্র ক্রয় মূল্য ও নিবন্ধন মূল্য জমা প্রদান করেছেন, তাদের পুনরায় আবেদনপত্র ক্রয় মূল্য ও নিবন্ধন মূল্য জমা প্রদানের প্রয়োজন নেই। এক্ষেত্রে শুধুমাত্র নিবন্ধন ফরম পূরণসহ চাহিত তথ্যাদি দাখিল করতে হবে।

খ) আবেদনপত্র ক্রয় ও জমা প্রদানের সময় নিম্নে উল্লেখ করা হলো :-

আবেদনপত্র ক্রয়ের তারিখ ও সময়	আবেদনপত্র জমা প্রদানের তারিখ ও সময়
তারিখ: ২৪/০২/২০২৬ খ্রি. হতে ০২/০৩/২০২৬ খ্রি.	তারিখ: ০২/০৩/২০২৬ খ্রি.
সময়: বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত	সময়: বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত

বিশেষ দ্রষ্টব্য : নোটিশে উল্লেখিত সময়ের পরে কোন আবেদনপত্র ক্রয় ও জমা প্রদান গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

  
(মোঃ মাহাবুবুর রহমান তালুকদার)  
এয়ার কমডোর

প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা  
বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ  
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।  
ফোনঃ ০২২২৩৩৫০৩৭৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, চাদসিক।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, চাদসিক।
৩. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, চাদসিক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সিস্টেম এনালিস্ট, চাদসিক (চাদসিক এর নিজস্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. নির্বাহী প্রকৌশলী, বর্জ্য ব্যবস্থাপনা বিভাগ, চাদসিক।
৬. প্রধান জনসংযোগ কর্মকর্তা, চাদসিক (২৫ ফেব্রুয়ারি/২০২৬ খ্রি. তারিখের মধ্যে বহুল প্রচারিত ন্যূনতম ০২টি বাংলা ও ০১টি ইংরেজি পত্রিকায় প্রকাশের জন্য)।
৭. সহকারী প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, নগর ভবন, চাদসিক।
৮. অফিস কপি।